

মুজিববর্ষের অঙ্গীকার,  
শোভন কর্মপরিবেশ হোক  
সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
স্বাস্থ্য শাখা  
শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,  
বিজয়নগর, ঢাকা-১০০০.  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৬.০০৪.১৭.৫১

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭

০৮ এপ্রিল ২০২১

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন।

সূত্র: ১২ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের মহোদয়ের সদয় অবগিতর জন্য নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হলোঃ

ক্র: নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নের অগ্রগতি
ক	এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ —এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের খসড়া অনুমোদন করা হয়। অনুমোদিত প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সমন্বয় শাখা এবং আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	-
খ	মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব দপ্তরের নৈতিকতা কমিটির সভার অনুমোদনক্রমে আগামী ১৫ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	২য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৪-০১-২০২১ তারিখে অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশসহ একই তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
গ	মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত ফিডব্যাক প্রশিক্ষণের আলোকে শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম (কর্ম-পরিকল্পনা কার্যক্রম নং-৯) হিসেবে 'দুর্নীতি প্রতিরোধে অংশীজনদের নিয়ে সভা/প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন'-এর বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।	সমন্বয় অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	-

ঘ	শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সংখ্যাগত বা পদ্ধতিগত বিষয়ের পরিবর্তে এর লক্ষ্য বা উদ্দেশ্যের উপর গুরুত্বারোপ করতে হবে। পরবর্তী ২০২১-২০২২ কর্ম-পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কার্যক্রম ও চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় (যথা: কারখানাসমূহের কমপ্লায়েন্স/মান নিশ্চিতকরণ, ৪র্থ শিল্প বিপ্লবের ফলে উদ্ভূত পরিস্থিতি ইত্যাদি) করণীয় নির্ধারণ বিষয়ক কার্যক্রম অধিক হারে গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	৩০ এপ্রিল, ২০২১ তারিখের মধ্যে এ সংক্রান্ত একটা ওয়ার্কসপ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে।
ঙ	অধিদপ্তর/দপ্তর/সংস্থার গণশুনানি কার্যক্রমকে আরও কার্যকর করতে হবে এবং প্রশিক্ষণ/অংশীজন সভা/ফিডব্যাক সভা কার্যকর করণের লক্ষ্যে মন্ত্রণালয়কে অবহিত/নিশ্চিত করতে হবে।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	অত্র দপ্তরের নিয়মিতভাবে গণশুনানি ও অংশীজনের সভার আয়োজন করা হয়। সর্বশেষ ২৫ জানুয়ারি, ২০২১ তারিখে গণশুনানির আয়োজন করা হয়। এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সর্বশেষ ২২ মার্চ, ২০২১ তারিখে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে যা মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।
চ	মন্ত্রণালয়ের প্রতিনিধি কর্তৃক প্রকল্পসমূহ পরিদর্শন/পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে এবং সুপারিশ বাস্তবায়নের যথাযথ পদক্ষেপ নিতে হবে।	উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	-
ছ	মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে স্ব-স্ব সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। এ বিষয়ে যথাশীঘ্র সভা আহ্বান করতে হবে। অধিদপ্তর/দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি গঠন করে মন্ত্রণালয়কে তা অবহিত করতে হবে।	মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি ও সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	অধিদপ্তরে অতিরিক্ত মহাপরিদর্শককে আহ্বায়ক করে ০৮ সদস্য বিশিষ্ট সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। গঠিত কমিটির সর্বশেষ সভা ২ মার্চ, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়।
জ	মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা ওয়েবসাইটের সেবাবক্সসমূহ নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়।
ঝ	সচিবালয় নির্দেশমালা অনুযায়ী শাখা/অধিশাখা ও আওতাধীন/অধিনস্ত কার্যালয় পরিদর্শনের সংখ্যা ২৮-এর স্থলে ৪০টিতে উন্নীত করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	-

এ	অধিদপ্তর/দপ্তর/সংস্থার গণশুনানির ধার্য তারিখের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে মন্ত্রণালয়কে অবহিত করছে হবে।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।	নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
---	--	--	--



৮-৪-২০২১

মোঃ নাসির উদ্দিন আহমেদ

মহাপরিদর্শক

ফোন: ০২-৮৩৯১৩৪৮

ফ্যাক্স: ০২-৮৩৯১৪২৫

ইমেইল: [chiefdife@gmail.com](mailto:chiefdife@gmail.com)

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৪.৬.০০৪.১৭.৫১/১(৭)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৭

০৮ এপ্রিল ২০২১

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে-

১) যুগ্ম মহাপরিদর্শক (সাধারণ/প্রশাসন ও উন্নয়ন/সেফটি/স্বাস্থ্য শাখা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন  
অধিদপ্তর, ঢাকা।

২) সহকারী মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা  
(ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ।)

৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান  
পরিদর্শন অধিদপ্তর

৪) অফিস কপি।



৮-৪-২০২১

মোঃ মেহেদী হাসান

উপ মহাপরিদর্শক